## ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার

- সরকারি কর্মচারীদের বেতন-ভাতাদি সরাসরি তাদের ব্যাংক হিসাবে ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফারের এর মাধ্যমে প্রেরণ করা হচ্ছে। এ পর্যন্ত ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও সিলেট বিভাগের প্রায় ৫০ হাজার কর্মচারী এ সুবিধার আওতায় এসেছে। পর্যায়ক্রমে এর আওতা সম্প্রসারণ করা হচ্ছে।

## ই-চালান (সরকারের রাজস্ব প্রাপ্তি বাতায়ন)

- সরকারি রাজস্ব, কর ও অন্যান্য প্রাপ্তি আরও সহজে এবং সঠিকভাবে অনলাইনে সংগ্রহের লক্ষ্যে ই-চালান পোর্টাল চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে;
- এতে নিম্নোক্ত সেবাসমূহ পাওয়া যাবে:
  - যে কোন স্থান থেকে সরাসরি সরকারি প্রাপ্তির (Government Receipts) অর্থ জমা প্রদান;
  - খাত নির্দিষ্ট থাকায় সহজে চালান ফরম পূরণের সুবিধা;
  - ডেবিট/ক্রেডিট কার্ডের মাধ্যমে অথবা ইন্টারনেট ব্যাংকিং এর মাধ্যমে ব্যক্তির নিজ একাউন্ট থেকে নির্দিষ্ট অর্থ জমা দেওয়ার সুবিধা;
  - অনলাইনে পূরণকৃত চালান ফরম ব্যাংক কাউন্টারে জমা প্রদানের সুবিধা;
  - ই-চালান পোর্টাল থেকে চালান ফরম ডাউনলোড করার সুবিধা।



## বাজেট ও হিসাবরক্ষণ শ্রেণিবিন্যাস পদ্ধতি (BACS)

- সরকারি হিসাব পরিচালনা, সংরক্ষণ, বিশ্লেষণ ও আর্ন্তজাতিক মানের প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে ২০১৮-১৯ অর্থবছর থেকে বাজেট ও হিসাবরক্ষণ শ্রেণিবিন্যাস পদ্ধতি (Budget and Accouning Classification System -BACS) চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে;
- এ পদ্ধতির বৈশিষ্ট্যসমূহ:
  - সরকারের আর্থিক লেনদেনে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি;
  - সম্পদ আহরণ, ব্যয়বিশ্লেষণ ও মূল্যায়ন বিষয়ে পূর্ণাঙ্গ আর্থিক ব্যয়বিবরণী প্রণয়ন;
  - আন্তর্জাতিক মানসম্পন্ন আর্থিক প্রতিবেদন প্রকাশ;
  - বৈদেশিক সাহায্য সংক্রান্ত হিসাব সহজীকরণ ও নিবিড় পর্যবেক্ষণ;
  - অঞ্চলভিত্তিক বাজেট বরাদ্দ চিহ্নিত করণ;
  - বিস্তারিত ও নির্ভুল অডিট প্রতিবেদন প্রণয়ন, ভবিষ্যত প্রয়োজন অনুযায়ী অ্যাক্রুয়াল পদ্ধতিতে হিসাব সংকলন।



সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ (PEMS) কর্মসূচি অর্থ বিভাগের অধীন একটি সরকারি আর্থিক ব্যবস্থাপনা সংস্কার কার্যক্রম। সম্পূর্ণ সরকারি অর্থে দেশীয় বিশেষজ্ঞদের সমন্বয়ে পরিচালিত এ কর্মসূচি থেকে উদ্ভাবিত সরকারি কর্মচারীগণের অনলাইনে বেতন নির্ধারণ, অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীগণের অনলাইনে পেনশন পুনর্নির্ধারণ, ইএফটি-এর মাধ্যমে বেতন-ভাতা প্রদান, iBAS++ প্রবর্তনসহ ০৬ টি উদ্ভাবনী উদ্যোগ সরকারি আর্থিক খাতে ইতোমধ্যে ব্যাপক অবদান রাখছে। সারাদেশের লক্ষাধিক সরকারি দপ্তর/প্রতিষ্ঠানের ১৬ লক্ষ কর্মচারী এসব উদ্যোগের মাধ্যমে সরাসরি উপকৃত হচ্ছেন। এছাড়া বাজেট ও হিসাবরক্ষণ শ্রেণিবিন্যাস পদ্ধতির প্রবর্তন, ই-চালানসহ আরও উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের প্রক্রিয়াধীন রয়েছে। এসব উদ্ভাবনী উদ্যোগ আর্থিক খাতে শৃঙ্খলা প্রতিষ্ঠাসহ সরকারি অর্থের দক্ষ ব্যবস্থাপনা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করবে।

**বাস্তবায়নেঃ**
সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ কর্মসূচি
ইউসেপ চেইনী টাওয়ার (৩য় তলা)
২৫ সেগুনবাগিচা, ঢাকা-১০০০

# সরকারি আর্থিক ব্যবস্থাপনা সংস্কারে অর্থ বিভাগের উদ্যোগ

**ইন্টারনেটভিত্তিক বেতন নির্ধারণ**

**ইলেকট্রনিক পেনশন নির্ধারণ**

**অনলাইনে বেতন বিল দাখিল**

**সমন্বিত বাজেট ও হিসাবরক্ষণ পদ্ধতি (iBAS++)**

**ঘরে বসে চালান যাচাই**

**ইএফটি'র (EFT) মাধ্যমে বেতন প্রদান**

**ই-চালান**

**বাজেট ও হিসাব শ্রেণিবিন্যাস পদ্ধতি (BACS)**

**অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়**
www.mof.gov.bd